

তারিখ · ১০ NOV 2016 ·
পঞ্চা ৩ · কলাম ৫

কালের কঙ্গ

সঠিকভাবে উত্তরপত্র মূল্যায়ন জেএসসির ৬২৩ পরীক্ষককে কারণ দর্শাও নোটিশ

নিজস্ব প্রতিবেদক >

সশরীরে উপস্থিত হয়ে জেএসসি পরীক্ষার উত্তরপত্র গ্রহণ না করায় ৬২৩ জন শিক্ষককে কারণ দর্শাও নোটিশ দেওয়া হয়েছে। যৌক্তিক কারণ দেখাতে না পারলে শাস্তিচূলক ব্যবস্থা নেওয়া হবে বলে জানা পেছে। এখন থেকে প্রাবলিক পরীক্ষায় শিক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়ন পরীক্ষকরা যাতে যত্নবান হন-শিক্ষা বেতাঙ্গলোর এমন তৎপরতার অংশ হিসেবেই এ ব্যবস্থা নেওয়া হয়েছে।

চলমান জেএসসি পরীক্ষার বাংলা প্রথম পত্রের উত্তরপত্র গত মঙ্গলবার সরবরাহ করে শিক্ষা বোর্ড। পূর্বনির্দেশনা অনুসারে শিক্ষকদের সশরীরে বেতারে উপস্থিত হয়ে খাতা নেওয়ার কথা ছিল। কিন্তু নির্ধারিত দিন ৬২৩ জন শিক্ষক খাতা সংগ্রহ করতে আসেননি। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার জানান, পরীক্ষার খাতা সরবরাহের সময় প্রধান পরীক্ষকদের দ্বারা দিন এবং পরীক্ষকদের এক দিন বোর্ডে আসতে হয়। প্রধান পরীক্ষকরা প্রথম দিন এসে খাতা দেখার কোশল নির্ধারণ করেন এবং প্রাপ্ত নমুনা উত্তর তৈরি করেন। পরীক্ষকদের সঙ্গে তাঁদের যৌথ সভায় সে সম্পর্কে অবাহিত করা হয়। খাতার মূল্যায়ন যেন উন্নতমানের হয় সে জন্যই এটা করা হয়। কিন্তু অনেক শিক্ষকই মানা অজ্ঞাতে নির্ধারিত সময়ে উপস্থিত হন না। অন্যান্যবার এ নিয়ে কেবলো ব্যবস্থা না নেওয়া হলেও এবার কড়াকড়ি আয়োগ করা হয়েছে। প্রমাণসাপেক্ষে উপযুক্ত কারণ ছাড়া যারা অনগ্রহিত ছিলেন, তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে।